

প্রথম কালো

25 JAN 2007

২০ কলাম ৪

১০০০  
৪৫

## প্রভাষক সহকারী অধ্যাপক পদে বদলির ক্ষমতা পেল শিক্ষা অধিদপ্তর

### নিজস্ব প্রতিবেদক

সরকারি কলেজের প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে বদলি এবং পদোন্নতির ক্ষমতা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে দেওয়া হয়েছে। আগে এ ক্ষমতা শিক্ষা মন্ত্রণালয়ের হাতে ছিল। মন্ত্রণালয়ের কাজের চাপ কমাতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। তবে এতে তদবির ও আর্থিক অনিয়ম কতটা কমাবে তা নিয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তারা প্রশ্ন তুলেছেন।

২০০৬ সালের আর্থবর্ষিক সময়ে আঞ্চলিক শিক্ষা কর্তৃপক্ষের (আণিক) কাছ থেকে বদলি ও পদোন্নতির সব ক্ষমতা মন্ত্রণালয় নিয়ে নেয়। এর ফলে মন্ত্রণালয়ে দুর্নীতি, অনিয়ম ও তদবির বেড়ে যায়। তবে ক্ষমতার শেষ সময়ে সাবেক শিক্ষামন্ত্রী এম ওসমান ফারুক মন্ত্রণালয় থেকে দর্পনাতী পাস দেওয়া বন্ধ করেন।

তত্ত্বাবধায়ক সরকার শিক্ষা মন্ত্রণালয়ে ক্ষমতা বিকেন্দ্রীকরণের সিদ্ধান্ত নিয়েও মন্ত্রণালয়ের যেসব কর্মকর্তা 'বদলি-বাণিজ্য' করেছেন তাদের প্রায় সবাই বহাল আছেন। সহযোগী অধ্যাপক, অধ্যাপক, অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ পদে বদলির ক্ষমতা এখনো মন্ত্রণালয়ের হাতে আছে। তবে প্রজ্ঞাপনে কলা হয়েছে, এসব পদেও শিক্ষা অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে বদলি হবে।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির স্মারক সম্পাদক বাগুনে রাব্বানী খান বলেন, এই বিকেন্দ্রীকরণ তখনই আরও সফল হবে, যখন বিজ্ঞপ্তি পর্যায়ে বদলির ক্ষমতা দেওয়া হবে।